দৈনিক বাংলা

তারিখ ২৯/১/৮২
পৃষ্ঠা ...... কলাম ......

057

# গণসাক্ষরতায় অবদানের জন্যে পুরস্কার দানের নির্দেশ

গণসাক্ষরতা সম্পর্কিত জাতীয় পরিষদ গণসাক্ষরতা কর্মসূচী সফল করার ব্যাপারে যারা মূল্যবান অবদান রাখছেন, তাদের পুরস্কৃত করার উপযুক্ত পন্থা উদভাবন করতে শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে।

বৃহস্পতিবার বঙ্গভবনে প্রেসিডেন্ট আবদুস সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিষদের সভায় স্বেচ্ছাসেবা প্রতিষ্ঠান, শিক্ষক ও জনপ্রতিনিধিদের ব্যাপক অংশ গ্রহণের মাধ্যমে প্রচারণা অভিযান জোরদার করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করা হয়। খবর বাসসর।

সভায় গণসাক্ষরতা কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতিও পর্যালোচনা করা হয়।

সভায় ভাইস-প্রেসিডেন্ট ডঃ এম এন হুদা ও প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানও উপস্থিত ছিলেন।